# Govt. of West Bengal
## Office of The Child Dev. Project Officer.
## Gangarampur ICDS Project
## Gangarampur,Dakshin Dinajpur.
## Pin.733124

Memo No.346 / ICDS /G. Dt. 31/07 /2024 .

### Notice

গঙ্গারামপুর অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে নিযুক্তির জন্য কেবলমাত্র গঙ্গারামপুর অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অর্থাৎ **সুখদেবপুর গ্রাম পঞ্চায়েত, জাহাঙ্গীরপুর গ্রাম পঞ্চায়েত,বাসুরিয়া গ্রাম পঞ্চায়েত, চালুন গ্রাম পঞ্চায়েত,উদয় গ্রাম পঞ্চায়েত, অশোকগ্রাম গ্রাম পঞ্চায়েতের** এলাকভুক্ত স্থায়ী বাসিন্ধাদের (কেবল মাত্র মহিলা) নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। এই নিযুক্তি সম্পূর্ন রূপে স্বেচ্ছাসেবা মূলক।এই পদে নিযুক্ত কোন কর্মীই সরকারী কর্মী হিসেবে গন্য হবেন না। অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে নির্বাচিত কর্মীদের সরকারী নির্ধরিত হারে মাসিক সাম্মানিক এবং অতিরিক্ত সাম্মানিক ভাতা প্রদান করা হবে। বর্তমানে অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে সাম্মানিক ২২৫০/-টাকা এবং অতিরিক্ত সাম্মানিক ভাতার পরিমান মাসিক ৪৫৫০/-টাকা।

**সরাসরি নিয়োগের মাধ্যমে গ্রাম পঞ্চায়েত ভিত্তিক সংরক্ষন আনুযায়ী শূন্য পদের বিন্যাস:**

| গ্রাম পঞ্চায়েত ভিত্তিক সংরক্ষন আনুযায়ী শূন্য পদ | মোট শূন্য পদ | অসংরক্ষিত (UR) | তপ: জাতি (SC) | তপ: উপজাতি (ST) | অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-এ (OBC-A) | অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-বি (OBC-B) | মেধাবী ক্রীড়া ব্যক্তিত্ব (Meritorious Sports Person) | শারীরিক প্রতিবন্ধী (PH) | আর্থিক ভাবে দুর্বল বিভাগ (EWS) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সুখদেবপুর গ্রাম পঞ্চায়েত | ০৩ (তিন) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০১ (এক) | ০১ (এক) | ০ (শূন্য) | ০১ (এক) | ০ (শূন্য) |
| জাহাঙ্গীরপুর গ্রাম পঞ্চায়েত | ০৭ (সাত) | ০২ (দুই) | ০৩ (তিন) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০১ (এক) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০১ (এক) |
| বাসুরিয়া গ্রাম পঞ্চায়েত | ০৩ (তিন) | ০১ (এক) | ০ (শূন্য) | ০১ (এক) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০১ (এক) |
| চালুন গ্রাম পঞ্চায়েত | ০৫ (পাঁচ) | ০২ (দুই) | ০২ (দুই) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০১ (এক) | ০ (শূন্য) | ০ (শূন্য) |
| উদয় গ্রাম পঞ্চায়েত | ০৫ (পাঁচ) | ০২ (দুই) | ০১ (এক) | ০ (শূন্য) | ০১ (এক) | ০১ (এক) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) |
| অশোকগ্রাম গ্রাম পঞ্চায়েত | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) | ০ (শূন্য) |

১/ পশ্চিমবঙ্গের বাইরে অন্য কোন রাজ্য থেকে জারি হওয়া তপসিলী জাতি(SC),তপসিলী উপজাতি(ST),অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-এ(OBC-A),
অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-বি(OBC-B), এক্সাম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেনী ক্যাটাগরি(EC),শারীরিক প্রতিবন্ধী (PH)সংরক্ষন সংক্রান্ত শংসাপত্র এই
ক্ষেত্রে গ্রাহ্য হবে না। তপসিলী জাতি(SC),তপসিলী উপজাতি(ST),অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-এ(OBC-A),অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-বি(OBC
B),ভুক্ত আবেদনকারীনিদের সংরক্ষন সংক্রান্ত শংসাপত্র কোলকাতা বাদে অবশিষ্ট পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কেবলমাত্র মহকুমা শাসক কতৃক জারি হওয়া সংরক্ষন
সংক্রান্ত শংসাপত্র গ্রাহ্য হবে। এই ক্ষেত্রে অন্য কোন প্রকার সংরক্ষন সংক্রান্ত শংসাপত্র গ্রাহ্য হবে না।
কোলকাতা থেকে জারি হওয়া সংরক্ষন সংক্রান্ত শংসাপত্রের ক্ষেত্রে জেলা শাসক, দক্ষিন ২৪-পরগনা বা দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা শাসক, দক্ষিন ২৪-
পরগনা অথবা জেলা কল্যান আধিকারিক, কোলকাতা, (District Welfare Officer, Kolkata) ব্যতিত অন্য কোনভাবে জারি হওয়া শংসাপত্র
গ্রাহ্য হবে না।**বিশেষ ভাবে উল্লেযোগ্য যে অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-এ (OBC-A) এবং অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-বি (OBC-B)তালিকা
ভুক্ত আবেদনকারীনিদের / প্রার্থীদের অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত সম্পূর্ন রূপে মহামান্য কলকাতা উচ্চ আদালতের চুরান্ত রায়ের
উপর নির্ভরশীল।**

২/ প্রতিবন্ধী শংসাপত্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীকে পশ্চিমবঙ্গের কোন সরকারী মেডিক্যাল কলেজের অথবা পশ্চিমবঙ্গের কোন সরকারী জেলা বা মহকুমা
হাসপাতালের মেডিক্যাল বোর্ডর দ্বারা প্রদত্ত প্রতিবন্ধী শংসাপত্র জমা করতে হবে।এক্ষেত্রেWest Bengal persons with Disabilities (Equal
Opportunities, Protection of Rights and Full Participation) Rules, 1999 প্রযোজ্য হবে। প্রার্থী যেদিন আবেদন করেছেন সেই দিন
অথবা আবেদন এর দিনের পূর্বে জারি (issued) হওয়া শংসাপত্রই গ্রাহ্য হবে। উক্ত তারিখের পরে জারি (issued) হওয়া শংসাপত্র গ্রাহ্য হবে
না।প্রতিবন্ধী শংসাপত্রের জন্য আবেদন পত্র জমা দেবার রসিদ এই ক্ষেত্রে গ্রহনীয় নয়। লিখিত পরিক্ষায় উত্তীর্ন প্রার্থীদের মৌখিক পরিক্ষায় পূর্বে সংরক্ষন
সংক্রান্ত উপযুক্ত গ্রহন যোগ্য নথি জমা করা না হলে উল্লেখিত আবেদনকারিনী অসংরক্ষিত পদের জন্য বিবেচিত হবেন (যদি তার অন্যান্য যোগ্যতামান
সঠিক থাকে)। সন্দেহজনক শংসাপত্রের গ্রহনযোগ্যতা যাচাই এর জন্য উপযুক্ত কতৃপক্ষের নিকট প্রেরন করা হবে।

৩/এক্সাম্পটেড(অব্যাহতিপ্রাপ্ত) শ্রেনী ক্যাটাগরির প্রার্থীদের নিকট উপযুক্ত কতৃপক্ষ (শ্রম দপ্তর সহ অন্য দায়িত্বপ্রাপ্ত দপ্তর)কতৃক প্রদত্ত এক্সাম্পটেড
(অব্যাহতিপ্রাপ্ত) শ্রেনী ক্যাটাগরির সংরক্ষন সংক্রান্ত শংসাপত্র এই ক্ষেত্রে গ্রাহ্য হবে। এক্ষেত্রে Government of West Bengal, Labour
Department Notification No.303-EMP/1M-10/2000, Dated.21st August'2002 মোতাবেক শর্তাবলী/বিধি প্রযোজ্য হবে।

31.07.24

Child Development Project Officer
Gangarampur I.C.D.S. Project
D.D.C.-SWB-001

**Govt. of West Bengal**
**Office of The Child Dev. Project Officer.**
**Gangarampur ICDS Project**
**Gangarampur,Dakshin Dinajpur.**
**Pin.733124**

Memo No.346 / ICDS /G. Dt. 31 / 07 /2024 .

প্রার্থী যেদিন আবেদন করেছেন সেই দিন অথবা আবেদন এর দিনের পূর্বে জারি (issued) হওয়া শংসাপত্রই গ্রাহ্য হবে। উক্ত তারিখের পরে জারি (issued) হওয়া শংসাপত্র গ্রাহ্য হবে না। শংসাপত্রের জন্য আবেদন পত্র জমা দেবার রসিদ এই ক্ষেত্রে গ্রহনীয় নয়। লিখিত পরিক্ষায় উত্তীর্ন প্রার্থীদের মৌখিক পরিক্ষায় পূর্বে সংরক্ষন সংক্রান্ত উপযুক্ত গ্রহন যোগ্য নথি জমা করা না হলে উল্লেখিত আবেদনকারিনী অসংরক্ষিত পদের জন্য বিবেচিত হবেন (যদি তার অন্যান্য যোগ্যতামান সঠিক থাকে)।এক্সাম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেনী ক্যাটাগরির নির্বাচিত প্রার্থীদের শংসাপত্রের গ্রহনযোগ্যতা যাচাই এর জন্য Central Employment Exchange এ প্রেরন করা হবে।Central Employment Exchange থেকে উল্লেক্ষিত শংসাপত্রের বিষয়ে ইতিবাচক সিদ্ধান্ত আসবার পরেই উক্ত প্রার্থীর নিয়োগ সংক্রন্ত বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহন করা হবে। শংসাপত্র অসঙ্গতিপূর্ন অথবা ভুয়ো হিসেবে প্রমানিত হলে উল্লেক্ষিত প্রার্থীর অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে নিযুক্তি বাতিল করা হবে।

আবশ্যিক শর্তাবলী:

ক/ অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে আবেদনকারিনী / প্রার্থী কে ভারতীয় নাগরিক এবং মহিলা হওয়া বাধ্যতামূলক।

খ/ নূন্যতম শিক্ষাগত যোগ্যতা:আবেদনের তারিখকে ভিত্তি ধরে অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে নিযুক্তি জন্য আবেদনকারিনীকে যেকোন স্বীকৃত বোর্ড (Recognized Board) থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ন হতে হবে (তপসিলী জাতি, তপসিলী উপজাতি, অন্যানা অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-এ, অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-বি, এক্সাম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেনী ক্যাটাগরি, শারীরিক প্রতিবন্ধী সকলের ক্ষেত্রেই প্রযোজ্য)।উচ্চতর শিক্ষাগত যোগ্যতা এই ক্ষেত্রে কোনরুপ অন্তরায় হবে না।

গ/ ০১/০৭/২০২৪ (১লা জুলাই-২০২৪) তারিখে কোন আবেদনকারিনী প্রার্থীকে নূন্যতম ১৮ বছর বয়সের হতে হবে ।একই সাথে ০১/০৭/২০২৪ (১লা জুলাই-২০২৪) তারিখে কোন আবেদনকারিনী প্রার্থীর বয়স কোনভাবেই ৩৫ বছরের বেশি হতে পারবে না। অর্থাৎ সকল আবেদনকারিনীর জন্ম তারিখ ০২/০৭/১৯৮৯ বা তার পরে এবং ০১/০৭/২০০৬ বা তার আগে অবশ্যই হতে হবে। এই শর্তাবলী সকল শ্রেনীর,যথা তপসিলী জাতি(SC),তপসিলী উপজাতি(ST),অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-এ(OBC-A),অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-বি(OBC-B), এক্সাম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেনী ক্যাটাগরি(EC),শারীরিক প্রতিবন্ধী (PH) প্রার্থীদের ক্ষেত্রেই প্রযোজ্য। মাধ্যমিক বা স্বীকৃত সমতুল্য পরীক্ষার রেজিস্ট্রেশন অথবা অ্যাডমিট কার্ড অথবা স্বীকৃত বোর্ড কতৃক প্রদত্ত দশম শ্রেনী উত্তীর্ন হবার শংসাপত্রে লিখিত জন্ম তারিখই বয়সের প্রমান হিসেবে একমাত্র বিবেচ্য। আন্য কোনরূপ শংসাপত্র এক্ষেত্রে বিবেচ্য নয়।

ঘ/ স্থায়ী বাসিন্দা সংক্রান্ত শর্ত:
স্থায়ী বাসিন্দা সংক্রান্ত প্রমানপত্র হিসেবে প্রার্থীর সচিত্র ভোটার পরিচয় পত্র (EPIC) বিবেচনা করা হবে। যদি কোন আবেদনকারিণীর/প্রার্থীর ভোটার পরিচয় পত্র না থাকে তবে সেই আবেদনকারিণীর/প্রার্থীর স্থায়ী বাসিন্দা সংক্রান্ত প্রমানপত্র হিসেবে আবেদনকারিণীর/প্রার্থীর স্বপক্ষে প্রদান করা সংশ্লিষ্ট লোকসভার সদস্য / জেলা পরিষদের সভাধিপতি / সংশ্লিষ্ট এলাকার বিধায়ক / জেলা শাসক / অতিরিক্ত জেলা শাসক / সংশ্লিষ্ট মহাকুমা শাসক / সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সভাপতি / সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক / সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান / সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান /সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলার কতৃক প্রদত্ত সচিত্র শংসাপত্র গ্রহনযোগ্য হিসেবে বিবেচিত হবে। প্রসঙ্গত উল্লেখ থাকে যে সফল নির্বাচিত প্রার্থীকে অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে যোগদানের পূর্বে অবশ্যই নিজের সচিত্র ভোটার পরিচয় পত্র (EPIC) পেশ করতে হবে অনাথায় অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে উল্লেক্ষিত প্রার্থীর যোগদান অনুমোদিত হবে না। পুনরায় উল্লেখ থাকে যে সফল নির্বাচিত প্রার্থীকে গঙ্গারামপুর অতিরিক্তসুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অর্থাৎ সুখদেবপুর গ্রাম পঞ্চায়েত, জাহাঙ্গীরপুর গ্রাম পঞ্চায়েত,বাসুরিয়া গ্রাম পঞ্চায়েত, চালুন গ্রাম পঞ্চায়েত,উদয় গ্রাম পঞ্চায়েত, অশোকগ্রাম গ্রাম পঞ্চায়েতের এলাকভুক্ত স্থায়ী বাসিন্ধা (কেবল মাত্র মহিলা) হওয়া বাধ্যতানুলক।

ঙ/ পরিক্ষা :উল্লেখিত সকল আবশ্যিক শর্তাবলী পূরনের স্বাপেক্ষে যোগ্য আবেদনকারিণিদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে। পরীক্ষার পূর্ণমান সর্বমোট ১০০ নম্বর। যার মধ্যে লিখিত পরিক্ষা সর্বমোট ৯০ নম্বরের এবং লিখিত পরিক্ষার জন্য বরাদ্দ সময় ২ ঘন্টা। লিখিত পরিক্ষায় নির্ধারিত যোগ্যতামান উত্তীর্ন প্রার্থীরাই কেবলমাত্র মৌখিক পরিক্ষায় প্রবেশাধিকার পাবেন। মৌখিক পরিক্ষা সর্বমোট নম্বর ১০। অনুলিখনের (বিশেষ চাহিদা সম্পন্ন / প্রতিবন্ধী পরিক্ষার্থীদের জন্য প্রযোজ্য) ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর লিখিত পরিক্ষায় ৪০ মিনিট অতিরিক্ত বরাদ্দ থাকবে আর্থাৎ এই ক্ষেত্রে উল্লেখিত শ্রেনীর আবেদনকারিণিদের / প্রার্থীদের লিখিত পরিক্ষার জন্য বরাদ্দ সর্বমোট সময় ২ঘন্টা ৪০ মিনিট।
লিখিত পরিক্ষার পাঠক্রম নিম্নরূপ:
১/বাংলা ভাষায় ১৫০ শব্দের মধ্যে রচনা (অষ্টম শ্রেণীর মানের) : ১৫ (পনের) নম্বর
২/ পাটিগনিত (অষ্টম শ্রেণীর মানের) : ২০ (কুড়ি) নম্বর
৩/ পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন : ১৫ (পনের) নম্বর
৪/ ইংরেজি ভাষা (ইংরেজি ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান) সরল অনুবাদ (অষ্টম শ্রেণীর মানের) : ২০ (কুড়ি) নম্বর
৫/ সাধারন জ্ঞান: ২০ (কুড়ি) নম্বর

31.07.24
Child Development Project Officer

Govt. of West Bengal
Office of The Child Dev. Project Officer.
Gangarampur ICDS Project
Gangarampur,Dakshin Dinajpur.
Pin.733124

Memo No.346 / ICDS /G. Dt. 31/07 /2024 .

ইংরেজি ভাষা ব্যতীত বাকি সকল প্রশ্ন বাংলায় হবে।রচনা লিখন বাংলায় লিখতে হবে। রচনা লিখন বাতিত সকল প্রশ্ন মাল্টিপল চয়েস ধরনের হবে। লিখিত পরিক্ষায় উপরে উল্লেক্ষিত ১)বাংলা ভাষায় ১৫০ শব্দের মধ্যে রচনা, ২) পাটিগনিত,, ৩) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন, ৪) ইংরেজি ভাষা (ইংরেজি ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান) সরল অনুবাদ, ৫) সাধারন জ্ঞান এই পাচটি ক্ষেত্রে সর্বমোট নুন্যতম ৩০ নম্বর না পেলে কোন প্রার্থীকেই মৌখিক পরিক্ষার জন্য বিবেচনা করা হবে না। এই শর্তাবলী সকল শ্রেনীর, যথা তপসিলী জাতি(SC),তপসিলী উপজাতি(ST),অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-এ(OBC-A),অন্যান্য অনগ্রসর শ্রেনী ক্যাটাগরি-বি(OBC-B), এক্সাম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেনী ক্যাটাগরি(EC),শারীরিক প্রতিবন্ধী (PH)প্রার্থীদের ক্ষেত্রেই প্রযোজ্য।লিখিত এবং মৌখিক যেকোন ধরনের পরিক্ষায় অনুপস্থিত প্রার্থী অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।লিখিত পরিক্ষার প্রাপ্ত নম্বর এবং মৌখিক পরিক্ষার প্রাপ্ত নম্বর মিলিয়ে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে।লিখিত পরিক্ষা এবং মৌখিক পরিক্ষা উভয় ক্ষেত্রেই পরিক্ষার তারিখ পরিক্ষার প্রবেশ পত্রের (Admit Card) মাধ্যমে জানানো হবে। উল্লেখিত উভয় পরিক্ষার প্রবেশ পত্র (Admit Card) প্রার্থীকে নিজ দায়িত্বে নির্ধারিত সময়সীমার মধ্যে ডাউনলোড করে রঙিন প্রিন্ট আউট নিতে হবে।

পরিক্ষার কোনরূপ প্রবেশ পত্র (Admit Card) ই-মেল বা ডাকযোগে অথবা সরাসরি হাতে-হাতে প্রেরন করা হবে না। বিশেষ ক্ষেত্রে সরকারী আদেশনামা অনুসারে নির্বাচকমন্ডলীর অনুমোদন সাপেক্ষে ১:৫ অনুপাতে (শূন্য পদ সংখ্যা : মৌখিক পরিক্ষায় আহ্বান পাওয়া পরিক্ষার্থীর সংখ্যা) মৌখিক পরিক্ষা গ্রহন করতে পারে।কোন বিশেষ শ্রেনীতে (সংরক্ষন ভিত্তিক) উপযুক্ত সংখ্যক প্রার্থী কম থাকিলে কম সংখ্যক প্রার্থীকেই মৌখিক পরিক্ষায় আহ্বান করা হতে পারে। সংরক্ষন ভিত্তিক কোন নিদষ্টি শ্রেনীতে লিখিত পরিক্ষায় একই নম্বর প্রাপ্ত সকল প্রার্থীকেই মৌখিক পরিক্ষার জন্য আহ্বান জানানো হবে।যদি কোন ক্ষেত্রে অসংরক্ষিত অথবা সংরক্ষন ভিত্তিক কোন নিদষ্টি শ্রেনীতে একাধিক প্রার্থীর লিখিত এবং মৌখিক পরিক্ষার প্রাপ্ত নম্বর সমান হয় সেই ক্ষেত্রে সেই নিদষ্টি প্রার্থীদের মধ্যে যার বয়স বেশি সরকারী আদেশ অনুসারে সেই সিনিয়ার প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

চ/ সংরক্ষন সংক্রান্ত শর্তাবলী :

সংরক্ষিত পদের আবেদনকারীনিদের এই সংরক্ষন সংক্রান্ত শংসাপত্র অবশ্যই সরকার নির্ধারিত উপযুক্ত কতৃপক্ষের দ্বারা প্রদত্ত হতে হবে। মৌখিক পরিক্ষার পূর্বে সংরক্ষন সংক্রান্ত শংসাপত্র অবশ্যই দাখিল করতে হবে। সংরক্ষন সংক্রান্ত শংসাপত্রের জন্য আবেদন জমা দেবার নথি/রসিদ এক্ষেত্র গ্রাহ্য হবে না। মৌখিক পরিক্ষার পূর্বে সংরক্ষন সংক্রান্ত শংসাপত্র দাখিল করতে সক্ষম না হলে উল্লেক্ষিত আবেদনকারিনী অন্যান্য যোগ্যতামান পূরন করলে অসংরক্ষিত পদের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শ্রেনীর প্রার্থীদের ক্ষেত্রে আবেদনকারিনীকে নুন্যতম ৪০%(চল্লিশ) বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শ্রেনীভুক্ত হওয়া বাধ্যতামূলক। এই শ্রেনীভুক্ত যে সকল আবেদনকারিনীর লেখার ক্ষেত্রে প্রয়জনীয় সক্ষমতার অভাব রয়েছে তাহারা প্রয়জনে অনুলেখকের সহায়তা নিতে পারবেন। অনুলিখনের (বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) পরিক্ষার্থীদের জন্য প্রযোজ্য) ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর লিখিত পরিক্ষায় ৪০ মিনিট অতিরিক্ত বরাদ্দ থাকবে আর্থাৎ এই ক্ষেত্রে লিখিত পরিক্ষার সর্বমোট সময় ২ঘন্টা ৪০ মিনিট। এখানে উল্লেখ থাকে যে আবেদনকারিনীকে আবেদন পত্র জমা দেবার নির্দিষ্ট সময়সীমার মধ্যে তার অনুলিখনের এবং অনুলেখক সংক্রান্ত প্রয়জনীয় তথ্য সরাসরি নিম্ন স্বাক্ষরকারির দপ্তরে লিখিত ভাবে জানাতে হবে।আবেদন পত্র জমা দেবার নির্দিষ্ট সময়সীমা উত্তীর্ন হয়ে যাবার পরে অনুলিখনের এবং অনুলেখক সংক্রান্ত কোন আবেদন গ্রহন করা হবে না এবং উল্লেখিত আবেদনকারিনী পরিক্ষাকেন্দ্রে অনুলেখক সংক্রান্ত কোন সহায়তা পাবার যোগ্য বলে বিবেচিত হবেন না।অনুলেখকের যোগ্যতামান এবং এই সংক্রান্ত অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য গঙ্গারামপুরঅতিরিক্তসুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প দপ্তরে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

ছ/ অবসরকালীন বয়স : বর্তমানে সরকারী নির্দেশিকা অনুসারে স্বেচ্ছাসেবামূলক অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে বাধ্যতামূলক অবসরের বয়স অঙ্গনওয়াড়ী সহায়িকা৬৫ বছর।

জ/ কর্মক্ষেত্র : অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে নির্বাচিত সকল সফল আবেদনকারিনীকে গঙ্গারামপুর অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অধিনস্ত যেকোন অঙ্গনওয়াড়ী কেন্দ্রে কাজ করবার জন্য প্রস্তুত থাকা বাধ্যতামূলক।

ঝ/প্রশিক্ষন : অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে নির্বাচিত সকলকে তাদের জন্য নির্দিষ্ট প্রশিক্ষন নেওয়া বাধ্যতামূলক, পশ্চিমবঙ্গের যেকোন স্থানে এই প্রশিক্ষন হতে পারে। প্রশিক্ষন নিতে অস্বীকার করলে অথবা প্রশিক্ষন পর্বে নুন্যতম যোগ্যতামান আর্জনে ব্যর্থ হলে উল্লেখিত অঙ্গনওয়াড়ী সহায়িকার নিয়োগ বাতিল করা হবে।

ঞ/ অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে আবেদন সংক্রান্ত শর্তাবলী এবং আবেদন পত্র জমা দেবার সময় সীমা:
অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে আবেদনকারিনীদের নিম্নলিখিত ওয়েবসাইটের মাধ্যমে কেবলমাত্র অনলাইন পদ্ধতিতেই আবেদনপত্র জমা করতে হবে।

ওয়েবসাইট :https://recruitmentdd.in
আবেদন করবার শুরুর তারিখ : ০১/০৮/২০২৪
আবেদন জমা দেবার শেষ তারিখ : ২৫/০৮/২০২৪

31.07.24
Child Development Project Officer
Gangarampur I.C.D.S. Project
D.D.C.-SWB-001

# Govt. of West Bengal
## Office of The Child Dev. Project Officer.
## Gangarampur ICDS Project
## Gangarampur,Dakshin Dinajpur.
## Pin.733124

Memo No.346/ ICDS /G.

Dt. 31/07 /2024 .

অনলাইন পদ্ধতিতেই আবেদন পত্র জমা দেবার সময় নিম্নলিখিত প্রমানপত্রের/নথির স্ক্যান কপি উল্লেখিত নির্দিষ্ট ওয়েবসাইট আপলোড করতে হবে

১) অতি সাম্প্রতিক সময়ে (আবেদনের দিন থেকে ছয় মাস পূর্বের সময়ের মধ্যে) তোলা আবেদনকারিনীর রঙিন পাশপোর্ট সাইজের স্ব-প্রত্যায়িত ছবি।

২) আবেদনকারিনীর জন্ম তারিখের স্ব-প্রত্যায়িত প্রমানপত্র (মাধ্যমিক বা স্বীকৃত সমতুল্য পরীক্ষার রেজিস্ট্রেশন অথবা অ্যাডমিট কার্ড অথবা স্বীকৃত বোর্ড কতৃক প্রদত্ত দশম শ্রেনী উত্তীর্ন হবার শংসাপত্রে লিখিত জন্ম তারিখই বয়সের প্রমান হিসেবে একমাত্র বিবেচ্য)।

৩) জাতিগত শংসাপত্রের স্ব-প্রত্যায়িত প্রমানপত্র (প্রযোজ্য হলে)।

৪) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার স্ব-প্রত্যায়িত প্রমানপত্র।

৫) স্থায়ী বাসিন্দা সংক্রান্ত স্বচিত্র প্রমানপত্র।

৬) বিশেষ চাহিদা সম্পন্ন / প্রতিবন্ধী শংসাপত্রের স্ব-প্রত্যায়িত প্রমানপত্র (প্রযোজ্য হলে)।

৭) সচিত্র পরিচয় পত্র

৮) আবেদনকারিনীর স্বাক্ষর।

ট/ নির্ধারিত সময়ে অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে পরিক্ষায় যোগ্য এবং সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশ পত্র (Admit Card) ডাউনলোড করা যাবে https://recruitmentdd.in পোর্টাল থেকে। যোগ্য এবং সঠিক আবেদনকারিনীকে পরিক্ষাকেন্দ্রে তার নির্দিষ্ট সচিত্র প্রবেশ পত্রের (Admit Card) রঙিন প্রিন্ট আউট সাথে আনতে হবে অন্যথায় তাকে পরিক্ষাকেন্দ্রে প্রবেশ করতে এবং উল্লেক্ষিত পরিক্ষায় অংশগ্রহন করতে দেওয়া হবে না। উল্লেক্ষিত পরিক্ষার নির্ধারিত দিন এবং সময় উপরে উল্লেখিত ওয়েবসাইট / পোর্টালে জানানো হবে।

বিঃ দ্র :

* কোন ভুল বা অসঙ্গত তথ্য দিলে এবং কোন আবশ্যিক শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গন্য হবে। এই বাতিল সংক্রান্ত বিষয়ে কোনরুপ কারন দর্শানো হবে না। শুধুমাত্র নির্ভুল ও সঠিক আবেদন পত্রের ভিত্তিতেই অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে পরিক্ষার প্রবেশপত্র প্রদান করা হবে।
*পরিক্ষাকেন্দ্রে উপস্থিত হবার জন্য কোনরুপ গাড়ি ভাড়া বা অন্য কোন খরচ দপ্তর বহন করবে না।
* অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে পরিক্ষা সংক্রান্ত বিষয়ে কোন প্রার্থী কোন ধরনের অসাধু উপায় অবলম্বন করলে তার প্রার্থী পদ বাতিল বলে গন্য হবে । এই বাতিল সংক্রান্ত বিষয়ে কোনরুপ কারন দর্শানো হবে না।
* অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে পরিক্ষা এবং নিয়োগ সংক্রান্ত যেকোন বিতর্কিত বিষয়ে নিয়োগকারী কতৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।এই বিষয়ে কোনরুপ কারন দর্শানো হবে না।
* আবেদন পত্রের কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসঙ্গত হিসেবে বিবেচিত হবে। জমা করা আবেদন পত্রে কোনরুপ পরিবর্তনের অনুরোধ গ্রাহ্য হবে না। ভুল আবেদন পত্র বাতিল হিসেবে গন্য হবে।
* অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রবিণত্ব (seniority), নিয়োগের স্থান, বদলি ইত্যাদি যেকোন বিষয়ে নিয়োগকারী কতৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।এই বিষয়ে কোনরুপ কারন দর্শানো হবে না।
* অঙ্গনওয়াড়ী সহায়িকাপদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে উপরে উল্লেক্ষিত তথ্য ব্যতিত অন্য কোন অতিরিক্ত প্রশ্নের উত্তরের জন্য আগামী ২৫/০৮/২০২৪ অবধি যেকোন সরকারী কাজের দিন বেলা ১২টা থেকে ৩টার মধ্যে গঙ্গারামপুর অতিরিক্তসুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিকের দপ্তরে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

Memo No.346/1(22)/ ICDS /G.

Dt. 31/07 /2024 .

Copy forwarded for information and taking necessary action please:

01/The Director of ICDS, Govt. of West Bengal, Shaisali Complex, Salt Lake City, Kol-64.
02/ The Additional Secretary, Govt. of West Bengal, Department of women & Child Dev and Social welfare, Bikash Bhavan, Kol-91.
03/ The District Magistrate, Dakshin Dinajpur And The Chairman, D.L.D.M.C, Dakshin Dinajpur.
04/ Shri Biplab Mitra, Minister of Consumer Affairs, Government of West Bengal. And The Vice Chairman, D.L.D.M.C, Dakshin Dinajpur.
05/ Smt.Rekha Roy,M.L.A., Kushumondi And Member, D.L.D.M.C, Dakshin Dinajpur.
06/The Sub Divisional Officer, Gangarampur Sub Division at Buniadpur, Dakshin Dinajpur.
07/The District Programme Officer, District ICDS Cell, Dakshin Dinajpur.
08/The Block Dev. Officer, Gangarampur Dev. Block, Dakshin Dinajpur.
09/ The B.M.O.H., Chaloon BPHC, Dakshin Dinajpur.
10/The Sabhapati, Gangarampur Panchayet Samity, Gangarampur, Dakshin Dinajpur.
11/The Chairman, Gangarampur Municipality, Gangarampur, Dakshin Dinajpur.
12/The B.L & L.R.O., Gangarampur, Dakshin Dinajpur.
13/The S.I of School(Primary), Gangarampur, Dakshin Dinajpur.
14/ The A.D.A., Gangarampur, Dakshin Dinajpur.
15/ The Post Master, Gangarampur, Dakshin Dinajpur.
16 to 21/ The Prodhan, 1)Sukdevpur G.P, 2)Jahangirpur G.P, 3)Basuria G.P, 4)Chaloon G.P, 5)Uday G.P, 6)Ashokgram G.P.
22/ Office Copy.

31.07.24

Child Development Project Officer
Gangarampur I.C.D.S. Project
D.D.C.-SWB-001

***Page No....4 out of 4.***